

জাতীয়

ইরানের প্রেসিডেন্টের সঙ্গে প্রধানমন্ত্রী তারেক রহমানের বৈঠক



প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক

প্রকাশের তারিখ: শুক্রবার, ২৫ সেপ্টেম্বর ২০২৬, ০৭:১১ PM



জাতিসংঘ সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনের ফাঁকে ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ানের সঙ্গে বৈঠক করেছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমান। ইরানের বার্তাসংস্থা ইলনা স্থানীয় সময় বুধবার (২৩ সেপ্টেম্বর) এ তথ্য জানিয়েছে। সংস্থাটি বৈঠকের একটি ছবিও প্রকাশ করেছে।

ছবিতে ছোট পরিসরের আয়োজনে ইরানের প্রেসিডেন্টের সঙ্গে প্রধানমন্ত্রী তারেক রহমানকে কথা বলতে দেখা যায়। তবে দুই নেতার বৈঠকে কী কী বিষয়ে আলোচনা হয়েছে, সে সম্পর্কে বিস্তারিত জানায়নি ইলনা।

জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনে যোগ দিতে বর্তমানে নিউইয়র্কে রয়েছেন পেজেশকিয়ান। যুক্তরাষ্ট্রের সঙ্গে চলমান যুদ্ধের মধ্যেই তিনি জাতিসংঘে যোগ দিয়ে বিভিন্ন দেশের নেতাদের সঙ্গে বৈঠক করছেন।

এর আগে বুধবার জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনে দেওয়া ভাষণে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সমালোচনা করেন পেজেশকিয়ান। তিনি বলেন, ইরান যুক্তরাষ্ট্রের কাছে মাথা নত করবে না। একই সঙ্গে আলোচনার পথ খোলা রাখার কথাও জানান তিনি।

পেজেশকিয়ান বলেন, যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ইরানকে সন্ত্রাসী হিসেবে অভিহিত করেছেন। কিন্তু ইরানের জনগণই সন্ত্রাসবাদের শিকার বলে দাবি করেন তিনি। তার ভাষায়, যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট আমাদের সন্ত্রাসী হিসেবে অভিহিত করেন। আমরা সন্ত্রাসবাদের শিকার।

ট্রাম্পের হুমকির জবাবে ইরানের প্রেসিডেন্ট বলেন, হুমকি ও চাপের মুখে ইরানের প্রতিরোধ আরও শক্তিশালী হবে। তিনি বলেন, ইরান শক্তির ভাষা গ্রহণ না করে সংলাপ, কূটনীতি ও আলোচনার মাধ্যমে সমাধানে আগ্রহী।

এদিকে ইরান-যুক্তরাষ্ট্রের চলমান সংঘাতের মধ্যে পেজেশকিয়ানের জাতিসংঘে দেওয়া ভাষণ আন্তর্জাতিক অঙ্গনে ব্যাপক আলোচনার জন্ম দিয়েছে। ভাষণে তিনি যুক্তরাষ্ট্রের সামরিক চাপের সমালোচনা করেন এবং ইরানকে আত্মরক্ষাকারী দেশ হিসেবে তুলে ধরেন।

ইরানের প্রেসিডেন্ট আরও বলেন, যুক্তরাষ্ট্র ইরানের সঙ্গে চুক্তি করতে চাইলে আগে নৌ-অবরোধ তুলে নিতে হবে। হরমুজ প্রণালি ঘিরে ইরানের অবস্থানও তিনি তুলে ধরেন।

জাতিসংঘের অধিবেশনের ফাঁকে তারেক রহমান ও মাসুদ পেজেশকিয়ানের এই বৈঠক দুই দেশের শীর্ষ পর্যায়ের যোগাযোগের একটি গুরুত্বপূর্ণ ঘটনা হিসেবে সামনে এসেছে।

সূত্র: ইলনা

এ বিভাগের আরও খবর



রামপালে ৪৪২ মেগাওয়াট সৌরবিদ্যুৎ প্রকল্পের অনুমোদন
বাগেরহাটের রামপালে ৪৪২ মেগাওয়াট ক্ষমতার সৌরবিদ্যুৎ কেন্দ্র নির্মাণের অনুমোদন দিয়েছে সরকার। প্রকল্পটি বাস্তবায়নে ব্যয় ধরা হয়েছে ২ হাজার ৪৯৮ ক...



ফ্যাসিস্ট হাসিনার প্রত্যাৰ্ণ একাটি আইনি প্রক্রিয়া: রণধীর জয়সওয়াল
ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রত্যাৰ্ণকে একাটি আইনি বিষয় হিসেবে বর্ণনা করেছে ভারত। দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র রণধীর জয়...



ধর্ম-বর্ণ-সম্প্রদায় নির্বিশেষে সবার কল্যাণে কাজ করছে সরকার: প্রধানমন্ত্রী
ধর্ম, বর্ণ, শ্রেণি-পেশা ও সম্প্রদায় নির্বিশেষে দেশের প্রতিটি নাগরিকের কল্যাণে সরকার কাজ করে যাচ্ছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান...



সেপ্টেম্বরে মূল্যস্ফীতি বেড়ে ৮ দশমিক ৩৪ শতাংশ
বাদ্যাপণ্যের দাম বাড়ায় সেপ্টেম্বরে মূল্যস্ফীতি কিছুটা বেড়ে ৮ দশমিক ৩৪ শতাংশে দাঁড়িয়েছে। আগস্টে এ হার ছিল ৮ দশমিক ২৬ শতাংশ (৭ অক্টোবর)...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/national/iraner-presidenter-sngge-prdhanmntri-tarek-rhmaner-boithk>